# মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি
MOULVIBAZAR PALLI BIDYUT SAMITY
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
০৮৬২৬-৭১৮৫৩ @ mbazar_pbs@yahoo.com
pbs.moulvibazar.gov.bd
ISO 9001:2015 Certified


স্মারক নং-২৭.১২.৫৮৮৩.৫০৬.০১.০০৮.২৫. ৪০৯৭

তারিখঃ ২৫ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
০৯ জুলাই, ২০২৫ খ্রিস্টাব্দ

## "পুন: নিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজারের পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের নিম্নবর্ণিত কনডেম ঘোষিত ব্যবহার অযোগ্য কাঠের পোল ও কাঠের ক্রসআর্ম মালামালসমূহ (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠানের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা ও স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে পুন: নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | বিক্রয়তব্য মালামালের বিবরণ | পরিমাণ | নিলাম দরপত্র দলিলের মূল্য | নিলাম দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচি | নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচি | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | গ্রহণ | খোলা |
| ০১ | ব্যবহার অযোগ্য কাঠের পোল ও কাঠের ক্রসআর্ম | ১,৩৫,৯১৮ কেজি | ১,০০০/= | ১৩/০৭/২০২৫ খ্রিঃ রোজ রবিবার হতে ২২/০৭/২০২৫ খ্রিঃ রোজ মঙ্গলবার পর্যন্ত। | ২৩/০৭/২০২৫ খ্রিঃ রোজ বুধবার দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত, পরিচালক, পবিস ম: ও ব্য: প: (পূর্বা:)পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা এবং মৌলভীবাজার পবিস, সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার | ২৩/০৭/২০২৫ খ্রিঃ রোজ বুধবার দুপুর ১২.০৫ ঘটিকায়, পরিচালক, পবিস ম: ও ব্য: প: (পূর্বা:) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা এবং মৌলভীবাজার পবিস, সদর দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার |

**শর্তাবলীঃ**

০১। পবিস ও পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে এ সকল ব্যবহার অনুপযোগী ও কনডেমকৃত কাঠ Chromated Copper Arsenate (CCA) ট্রিটেট থাকায় এগুলো কোনভাবেই জ্বালানী কাঠ হিসেবে ব্যবহার করা যাবে না। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক ২০১০ সালে প্রণীত 3R Strategy (Reduce, Re-use and Recycle) for Waste Management নীতিমালা অনুযায়ী বৈদ্যুতিক লাইন হতে অপসারিত এসকল কাঠের অংশ শুধুমাত্র কম্পোজিট উডতৈরীর মাধ্যমে পুনঃচক্রায়ন (Recycling) করার বিষয়ে সক্ষম ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী শিল্প প্রতিষ্ঠান-কে বা শিল্প প্রতিষ্ঠান সমূহের পক্ষে তাদের মনোনীত প্রতিনিধি/প্রতিষ্ঠান সমূহের মনোনীত কাঁচামাল সরবরাহকারী ডিলারগণ-কে তাঁদের নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। নিলামকৃত মালামাল সর্বোচ্চ গ্রহণযোগ্য দরপ্রস্তাবকারীর অনুকূলে বিক্রয় আদেশ প্রদান করা হবে।

০২। আগ্রহী দরদাতাগণ "মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে তফসিলভুক্ত ব্যাংকের যে কোন শাখা হতে ১০০০/- (এক হাজার) টাকার (অফেরত যোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল, মৌলভীবাজার অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো সদর দপ্তর ভবন (৯ম তলা), খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে অফিস চলাকালীন (সরকারী ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত) দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরন করা হবে না।

০৩। দরদাতা শিল্প প্রতিষ্ঠানকে আবেদনের সঙ্গে টেন্ডার সিডিউল ক্রয়ের মানি রশিদের কপিসহ হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি, ভ্যাট রেজিষ্ট্রেশনের কপি, TIN সনদপত্র ও BIN সনদপত্র সংযোজন করতে হবে। শিল্প প্রতিষ্ঠানের পক্ষে প্রতিষ্ঠানের মনোনীত প্রতিনিধি/ডিলারগণ দরদাতা হলে, দরপত্র সিডিউল ক্রয়ের মানি রশিদের কপিসহ প্রতিষ্ঠানের অনুমতিপত্র/ক্ষমতাপত্র, যাবতীয় হালনাগাদ দলিলাদি (ট্রেড লাইসেন্স, TIN/BIN সনদপত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন ইত্যাদি) দাখিল করতে হবে। সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের সক্ষমতাসহ দরদাতাগণের দাখিলকৃত দলিলাদির নির্ভরযোগ্যতা ও যথার্থতা কমিটির মাধ্যমে সরেজমিনে যাচাই করে দেখা হবে।

০৪। প্যাকেজভুক্ত মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির মালামালের একত্রে অভিন্নমূল্য উদ্ধৃত করতে হবে। মালামালসমূহ ওজন করে (কেজি এককে) বিক্রয় করা হবে বিধায় আগ্রহী দরদাতাগণ-কে প্রতি কেজির মূল্য (টাকা) উদ্বৃত করে (ভ্যাট-ট্যাক্স ব্যতীত) দরপত্র দাখিল করতে হবে। দরদাতাকে (ক্রেতা) সরকারী নিয়মানুযায়ী ক্রয়মূল্যের উপর পৃথকভাবে ১০% উৎস কর এবং ১৫% ভ্যাট পরিশোধ করতে হবে। আংশিক মালামালের মূল্য পরিশোধ গ্রহণযোগ্য হবে না।

০৫। দরপত্রে উদ্ধৃত দর স্পষ্টাক্ষরে (অংকে ও কথায়) লিখতে হবে, কাটাকাটি/ওভার রাইটিং গ্রহণযোগ্য হবে না। একক দর ও মোট মূল্যে হিসাবের গড়মিল হলে একক দর-কে এবং মোট দরের অংক ও কথায় গড়মিল হলে কথায় উদ্বৃত মূল্যকে গ্রহণযোগ্যধরে নিলাম দরপত্র বিবেচনা করা হবে।

০৬। সর্বোচ্চ রেসপনসিভ দরদাতাকে নিলামকৃত মালামাল সমূহ গ্রহণের বিক্রয়াদেশ প্রদানের ১৫ (পনেরো) দিনের মধ্যে মালামালের সমুদয় মূল্য এবং সরকারী নিয়মানুযায়ী মোট মূল্যের উপর ভ্যাট ও ট্যাক্স সমিতির অনলাইন হিসাব নম্বরে/ক্যাশ শাখায় পরিশোধ করে নিজ দায়িত্বে ও নিজ খরচে উক্ত মালামালসমূহ গ্রহণ করতে হবে। উল্লিখিত সময়ের মধ্যে মালামাল গ্রহণে ব্যর্থ হলে দরপত্রের সহিত জামানত হিসেবে প্রদত্ত উদ্ধৃত দরের ২৫% অর্থ বাজেয়াপ্ত করা হবে এবং বিক্রয়াদেশ বাতিল করা হবে এবং প্রয়োজনে ক্ষতিপূরণ দাবী করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। ক্রয় আদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে (ক্রেতা) প্রথমে মৌলভীবাজার পবিস হতে নিলামকৃত সমুদয় মালামাল স্ব-উদ্যোগে ও নিজ খরচে ওজন করে মালামালের প্রকৃত পরিমান নির্ধারণ করতে হবে। নিলামকৃত মালামালের প্রকৃত ওজন দরপত্রে উল্লিখিত ওজন অপেক্ষা কম-বেশি হতে পারে। প্রকৃত ওজনের (পরিমান) ভিত্তিতে মালামালের মূল্য পরিশোধ করতে হবে ও ভ্যাট-ট্যাক্স পরিশোধ করতে হবে।নিলামকৃত মালামাল লোডিং, মালামাল পরিবহন এবং ওজন করা সংক্রান্ত যাবতীয় খরচাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

০৮। নিলাম দরপত্র ২৩/০৭/২০২৫ খ্রিঃ (অফিস সময়ে) তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত সময়সীমার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ বরাবর সরাসরি হাতে হাতে পৌঁছাতে হবে। নির্দিষ্ট সময়সীমার পর প্রাপ্ত নিলাম দরপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। দাখিলকৃত নিলাম দরপত্রসমূহ ২৩/০৭/২০২৫ খ্রিঃ তারিখ বেলা ১২.০৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। ডাক বা কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।

০৯। দরপত্রে উল্লিখিত পরিমানের ভিত্তিতে (১,৩৫,৯১৮কেজি) দরপত্রের সাথে নিরাপত্তা জামানত (আর্নেষ্টমানি) হিসেবে উদ্ধৃত মোট মূল্যের উপর ২৫% হারে অর্থ (দরপত্র গৃহীত না হলে ফেরতযোগ্য) "মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি" এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। নিলামকৃত মালামালের বিপরীতে কার্যাদেশ প্রদানের পর কার্যাদেশ প্রাপ্ত দর প্রদানকারী প্রতিষ্ঠান ব্যাতীত অন্যান্য দরদাতাগণের নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে। কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার আকারে পরিশোধ করে মালামালসমূহের ডেলিভারী গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১০। আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত যে কোন কার্যদিবসে অফিস চলাকালীন মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি-তে এসে নিলামযোগ্য মালামাল সমূহ সরেজমিন পরির্দশন করতে পারবেন। কার্যাদেশ প্রাপ্তির পর উদ্ধৃত দর কিংবা মালামাল গ্রহণে অসম্মতি কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।

১১। নির্ধারিত ডিসপোজাল কমিটির উপস্থিতিতে ওজন করে মালামাল বুঝে নিতে হবে। স্টোরের যেখানে মালামালরক্ষিত আছে তা সম্পূর্ন খালি করে দিতে হবে। কোন অংশ পরিত্যাক্ত অবস্থায় ফেলে রাখা যাবে না। স্টোর টিকিট বা ভাউচার ছাড়া কোন মালামাল প্রদান করা হবে না।

১২। মূল্য পরিশোধ সাপেক্ষে (ভ্যাট-ট্যাক্সসহ) একনাগারে ওজন করে ষ্টোর থেকে মালামাল গ্রহণ করতে হবে। ষ্টোর থেকে মালামাল গ্রহণকাল মাঝে কোন রূপ বিরতি দেয়া যাবে না।

১৩। নিলাম সম্পর্কিত দরপত্র বিজ্ঞপ্তিটি মৌলভীবাজার পবিস-এর ওয়েব সাইট www.pbs.moulvibazar.gov.bd এ দেখা যাবে।

১৪। নিলাম দরপত্রের খামের উপর অবশ্যই "ব্যবহার অনুপযোগী ও কনডেম ঘোষিত ব্যবহার অযোগ্য কাঠের পোল ও কাঠের ক্রসআর্ম নিলাম দরপত্র" কথাটি লিখতে হবে।

১৫। শর্ত বহির্ভূত কোন সমস্যা উদ্ভব হলে কিংবা দরপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে মৌলভীবাজার পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ সকল/আংশিক দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

উপরের শর্তাবলী ছাড়াও অন্যান্য শর্তাবলী বিস্তারিতভাবে সিডিউলে বর্ণিত থাকবে।

০২।০৭।১৮
(এ. বি. এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-(সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহুল প্রচারের অনুরোধসহ) জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়।

০১। পরিচালক,পবিস মনিটরিং ও ব্যঃ ও পঃ ( পূঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা। (নির্ধারিত তারিখে নিলাম দরপত্র গ্রহন ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সদয় অনুরোধ করা হলো। )
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর,বাপবিবো,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
০৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৫। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................................... পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীমঙ্গল/ মৌলভীবাজার/বড়লেখা/কমলগঞ্জ/রাজনগর /কুলাউড়া/জুড়ি উপজেলা।
০৮। নির্বাহী প্রকৌশলী (এসওডি),বাপবিবো,বি-বাড়ীয়া।
০৯। ডিজিএম,সদর দপ্তর-কারিগরি/কমলগঞ্জ/রাজনগর/মৌলভীবাজার/বড়লেখা জোনাল অফিস,মৌলভীবাজার পবিস।
১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, মৌলভীবাজার।
১১। এজিএম (অর্থ-হিসাব/ওঅ্যান্ডএম/আইটি), মৌলভীবাজার পবিস। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য) ।
১২। মেসার্স..........................................................................................।
১৩। নোটিশ বোর্ড, মৌলভীবাজার পবিস।
১৪। অফিস ফাইল/মাস্টার ফাইল ।

০২।০৭।১৮
(এ. বি. এম মিজানুর রহমান)
জেনারেল ম্যানেজার